হরিনাকুণ্ডু মহিলা দলের কর্মী সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিনাকুন্ডুতে জাতীয়তাবাদী মহিলা দলের কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১২এপ্রিল) বেলা ১১টায় হরিনাকুন্ডু উপজেলা ও পৌর মহিলা দলের আয়োজনে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে এ কর্মী সভা অনুষ্ঠিত হয়।

সেসময় কর্মী সভায় হরিনাকুন্ডু উপজেলার বিভিন্ন ইউনিয়নের ৫ শতাধিক নারী কর্মী অংশ নেন।

এতে প্রধান অতিথি হিসেবে জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এমএ মজিদ বিশেষ অতিথি হিসেবে হরিনাকুন্ডু উপজেলা বিএনপির সভাপতি আবুল হোসেন মাস্টার, সাধারণ সম্পাদক তাইজাল হোসেন, জেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক সহকারী অধ্যাপক কামাল হোসেন, পৌর বিএনপির সভাপতি জিন্নাতুল হক খান, মহিলা দলের আহ্বায়ক মোছা. সেলিনা খাতুনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, মহিলা দলের বিভিন্ন ইউনিটের ভবিষ্যৎ কর্মপদ্ধতি, সাংগঠনিক তৎপরতা ও নির্বাচন কেন্দ্রীক সার্বিক প্রস্তুতির বিষয়ে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানান।

ঝিনাইদহে বিএনপি কর্মীকে কুপিয়ে জখম করেছে প্রতিপক্ষরা

ঝিনাইদহে বিএনপি কর্মী রিপন মোল্লা (৪০)কে চার হাত-পাসহ শরীরের বিভিন্নস্থানে নৃশংসভাবে কুপিয়ে মারাত্বক জখম করেছে প্রতিপক্ষরা।

মঙ্গলবার রাতে সদর উপজেলা রাজাপুর গ্রামের এ ঘটনা ঘটে। ঘটনাস্থল থেকে পরিবারের সদস্যরা তাকে উদ্ধার করে প্রথমে ঝিনাইদহ সদর

হাসপাতালে ভর্তি করে।

অবস্থার অবনতি হলে ঢাকা পঙ্গু হাসপাতালে রেফার্ড করা হয়েছে। এ ঘটনায় আহতের মা নুরজাহান বেগম বাদী হয়ে ৪ জনের নাম উল্লেখ করে অজ্ঞাত আরো ৭/৮ জনের নামে সদর থানায় একটি মামলা দায়ের করেছেন। আহত রিপন সদর উপজেলার রাজাপুর গ্রামের মৃত আব্দুর রাজ্জাক মোল্লার ছেলে।

আহতের স্ত্রী ইসমতারা জানান, গ্রামে বিএনপির গ্রুপ পরিবর্তন নিয়ে বিরোধের জের ধরে মঙ্গলবার রাত ১০টার দিকে আমার স্বামী রিপনকে বাড়ি থেকে ডেকে সদর উপজেলার রাজাপুর গ্রামের আবুল কাসেম বাদশার ছেলে হুমায়ন, মৃত রুস্তম বিশ্বাসের ছেলে আব্দুল করিম, মৃত শাহাজাহানের ছেলে মিঠুন ও বাড়িবাথান গ্রামের মতিয়ার রহমানের ছেলে হারুন ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে জখম করে ফেলে যায়। এ সময় তার শরীর ক্ষত-বিক্ষতসহ হাত-পা শরীর থেকে প্রায় বিছিন্ন হয়ে গেছে। তাকে মারাত্বক জখম অবস্থায় উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ও পরে ঢাকায় রেফার্ড করা হয়েছে।

এ ব্যাপারে জেলা বিএনপির সভাপতি এ্যাডভোকেট এম এ মজিদ জানান, অপরাধ যেই করুন না কেন কাউকে ছাড় নেয়। যদি বিএনপির কেউ এঘটনার সাথে জড়িত থাকে তাহলে তার বিরুদ্ধে দল সাংগঠনিক ব্যবস্থা গ্রহন করবে।

এ তথ্য নিশ্চিত করে সদর থানার ওসি আব্দুল্লাহ আল-মামুন জানান, চারজনের নাম উল্লেখসহ অজ্ঞাত আরো ৭/৮জনের মামলা রেকর্ড করা হয়েছে। আশা করি খুব দ্রুত সময়ের মধ্যে আসামীদের পুলিশ ধরতে সক্ষম হবে।

মেহেরপুরের পিরোজপুর ইউনিয়ন বিএনপি’র কর্মী সমাবেশ

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র কেন্দ্রীয় ঘোষিত প্রক্রিয়ায় দলের পূর্ণগঠন জাতীয় ও স্থায়ীয় পর্যায়ে সকল চ্যালেঞ্জ মোকাবেলায়

দলকে সক্ষমতা অর্জনের প্রত্যয়ে পিরোজপুর ইউনিয়ন বিএনপি’র কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (৮ এপ্রিল) বিকেল পাঁচটার দিকে সদর উপজেলা পিরোজপুর ইউনিয়ন বিএনপি’র আয়োজনে পিরোজপুর মাধ্যমিক বিদ্যালয় কর্মী সমাবেশ আয়োজন করা হয়েছে।

জেলা বিএনপি’র সদস্য আলমগীর খান সাতুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান, যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম ও ফয়েজ মোহাম্মদ।

এসময় আরো উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সদস্য হাফিজুর রহমান হাপি, ওমর ফারুক লিটন, মোছাঃ রোমানা আহম্মদ, মশিউর রহমান, জেলা বিএনপির সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন প্রমুখ।

এছাড়াও এসময় জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, সদস্য সচিব শহিদুল ইসলাম, জেলা যুবদলের সহ-সভাপতি এস এ খান শিল্ট, সদর উপজেলা বিএনপি’র সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম রিপন, জেলা মহিলা দলের সহ-সভাপতি ছাবিহা সুলতানা, জেলা বিএনপির সাবেক মহিলা বিষয়ক সম্পাদিকা নাজমিন নাহার রিনা, মুজিবনগর উপজেলা যুবদলের দলের সদস্য সচিব আনোরুল ইসলাম, মোশিউল আলম দিপু আব্দুল লতিফ, ইলিয়াস হোসেন, মাহাবুল হাসান মিলন, যুবদল নেতা মিন্টু, সৌরভ জনিসহ ফিরোজপুর ইউনিয়ন বিএনপি’র নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ওয়ার্ড বিএনপি’র কর্মী সম্মেলন ও ইফতার মাহফিল

বিএনপি’র চেয়ারপারর্সন খালেদা জিয়া ও বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক জিয়ার সুস্থতা কামনা এবং শহীদ রাষ্ট্রপতি

জিয়াউর রহমানের রূহের মাগফেরাত কামনায় মেহেরপুরে ১ নম্বর ওয়ার্ড বিএনপি’র কর্মী সম্মেলন, ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার বিকেল ৫টার দিকে শহরের ঘোষপাড়ার মোড়ে এই ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

জেলা বিএনপি’র সদস্য ইলিয়াস হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান।

জেলা বিএনপি’র সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেননের সঞ্চালনায় এ সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সদস্য আনছারুল হক, ওমর ফারুক লিটন, এম এ কে খায়রুল বাসার ও রোমানা আহমেদ।

এছাড়াও জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল রহমান লাভলু, সদর উপজেলা বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল হাসান রিপন, জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনাসহ ১নং ওয়ার্ড বিএনপি’র নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এসময় বিএনপি’র চেয়ারপারসন বেগম খালেদা জিয়া ও বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক জিয়ার সুস্থতা কামনা এবং শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের রূহের মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

মহেশপুরে জামায়াত ও বিএনপির কর্মীদের সংঘর্ষে ৬ জন আহত

ঝিনাইদহের মহেশপুরে বিএনপি ও জামায়াতের কর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে অন্তত ৬ জন আহত হয়েছে। গতকাল বুধবার রাতে মহেশপুর উপজেলার শ্যামকুড় মাদ্রাসা মোড় এলাকায় এ ঘটনা ঘটে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানায়, বুধবার মহেশপুরের ভৈরবা বাজারে

বিএনপি’র প্রতিবাদ সমাবেশ শেষ করে বাড়ি ফেরার পথে শ্যামকুড় বাজার মাদ্রাসা মোড় এলাকায় পৌঁছালে জামায়াত কর্মীদের সঙ্গে বিএনপির সমর্থকদের কথা কাটাকাটি হয়। একপর্যায়ে তারা সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে শ্যামকুড় গ্রামের দেলোয়ার হোসেনের ছেলে জামায়াত কর্মী আব্দুল মুন্না, আবুল কাসেম ও শ্যামপুর নিন্দা পাড়ার মৃত গোলাম নবীর ছেলে বিএনপির সমর্থক শরিফুল ইসলাম গুরুতর আহত হয়। সেখান থেকে তাদেরকে উদ্ধার করে মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ ভর্তি করা হয়েছে।

মহেশপুর থানার ওসি ফয়েজ উদ্দিন বলেন, গতকাল একটি মারামারির ঘটনা ঘটেছিলো। এখন পর্যন্ত কেউ কোন অভিযোগ দেয়নি। উভয় পক্ষ বিষয়টি সমাধান করার চেষ্টা করছে।

মেহেরপুরের আমঝুপিতে জেলা বিএনপি’র কর্মী সমাবেশ

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র কেন্দ্রীয় ঘোষিত প্রক্রিয়ায় দলের পুনর্গঠন জাতীয় ও স্থানীয় পর্যায়ে সকল চ্যালেঞ্জ মোকাবেলায় দলকে সক্ষমতা অর্জনের প্রত্যয়ে মেহেরপুরের আমঝুপিতে জেলা বিএনপির কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়ন বিএনপির উদ্যোগে বুধবার (১৯ ফেব্রুয়ারি) বিকেল ৪ টার দিকে আমঝুপি সরকারি বালক প্রাথমিক বিদ্যালয় এ কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপি’র সদস্য এম এ কে খায়রুল বাশারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন।

এসময় তিনি বলেন, আপনারা নির্যাতন সহ্য করেছেন জুলুম সহ্য করেছেন কেন কিসের জন্য সহ্য করেছেন বাংলাদেশে একটি সুষ্ঠু সমাজ ব্যবস্থা কায়েম করার জন্য সুষ্ঠু রাষ্ট্রীয় ব্যবস্থা কায়েম করার জন্য বাংলাদেশের হারানো গণতন্ত্রকে পুনরুদ্ধার করে বাংলাদেশের

মানুষের কাছে ফিরিয়ে দেওয়ার জন্য। আমরা গণতন্ত্রের জন্য লড়াই করেছি। আজকে আমরা জুলাই আগস্ট এর রক্ত খয়ি গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে আমরা নতুন বাংলাদেশে প্রবেশ করেছি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান, জেলা বিএনপির যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম, ফয়েজ মোহাম্মদ ও জেলা বিএনপির সদস্য মোঃ ওমর ফারুক লিটন।

মেহেরপুর সদর উপজেলা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপনের সঞ্চালনায় এসময় জেলা বিএনপি’র সদস্য আলমগীর খান সাতু, হাফিজুর রহমান হাফি, মোছাঃ রোমানা আহম্মদ, জেলা বিএনপির সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরের বুড়িপোতায় জেলা বিএনপি’র কর্মী সমাবেশ

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র কেন্দ্রীয় ঘোষিত প্রক্রিয়ায় দলের পুনর্গঠন জাতীয় ও স্থানীয় পর্যায়ে সকল চ্যালেঞ্জ মোকাবেলায় দলকে সক্ষমতা অর্জনের প্রত্যয়ে জেলা বিএনপি’র কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (১২ ফেব্রুয়ারি) বিকেল ৪ টার দিকে বুড়িপোতা ইউনিয়ন বিএনপির উদ্যোগে আয়োজনে গোভীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে এ কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

কর্মী সমাবেশে জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য এম এ কে খায়রুল বাশারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান, জেলা বিএনপির যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম ও ফয়েজ মোহাম্মদ।

জেলা বিএনপির সাবেক সহ-সম্পাদক কাজী মিজান মেননের সঞ্চালনায় এসময়

উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র আহবায়ক কমিটির সদস্য আলমগীর খান সাতু, হাফিজুর রহমান হাফি, ওমর ফারুক লিটন, মোছাঃ রোমানা আহম্মদ প্রমুখ।

এছাড়াও জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক কাওছার আলী, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, সাবেক কাউন্সিলর আব্দুর রহিম, জেলা মহিলা দলের সহ-সভাপতি ছাবিহা সুলতানা, আব্দুল লতিফ, মোশিউল আলম দিপু, আবুল হাশেম, নাহিদ আহমেদ, জনিসহ বুড়িপোতা ইউনিয়নের নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরের কুতুবপুরে জেলা বিএনপি’র কর্মী সমাবেশ

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র কেন্দ্রীয় ঘোষিত প্রক্রিয়ায় দলের পুনর্গঠন জাতীয় ও স্থানীয় পর্যায়ে সকল চ্যালেঞ্জ মোকাবেলায় দলকে সক্ষমতা অর্জনের প্রত্যয়ে জেলা বিএনপির কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (১১ ফেব্রুয়ারি) বিকেল ৪ টার দিকে কুতুবপুর ইউনিয়ন বিএনপির উদ্যোগে কুলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে এ কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপি’র সদস্য ওমর ফারুক লিটনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন।

এসময় তিনি বলেন, আপনারা নির্যাতন সহ্য করেছেন জুলুম সহ্য করেছেন কেন কিসের জন্য সহ্য করেছেন বাংলাদেশে একটি সুষ্ঠু সমাজ ব্যবস্থা কায়েম করার জন্য সুষ্ঠু রাষ্ট্রীয় ব্যবস্থা কায়েম করার জন্য বাংলাদেশের হারানো গণতন্ত্রকে পুনরুদ্ধার করে বাংলাদেশের মানুষের কাছে ফিরিয়ে দেওয়ার জন্য। আমরা গণতন্ত্রের জন্য লড়াই করেছি। আজকে আমরা জুলাই আগস্ট এর রক্ত খয়ি গণঅভ্যুত্থানের মধ্য

দিয়ে আমরা নতুন বাংলাদেশে প্রবেশ করেছি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান ও জেলা বিএনপির যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম।

জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদের সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সদস্য আলমগীর খান সাতু, হাফিজুর রহমান হাফি, মোছাঃ রোমানা আহম্মদ।

এছাড়াও এসময় জেলা বিএনপির সাবেক সহ-সম্পাদক কাজী মিজান মেনন, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক কাওছার আলী, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, সাবেক কাউন্সিলর আব্দুর রহিম, জেলা যুবদলের সহ-সভাপতি মুনতাজুল ইসলাম, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, জেলা জিয়া মঞ্চের সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব, সদর উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব ইলিয়াস হোসেন, জেলা মহিলা দলের সহ-সভাপতি ছাবিহা সুলতানা, মোশিউল আলম দিপু আবুল হাশেম, নাহিদ আহমেদ, জনিসহ কুতুবপুর ইউনিয়নের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ২ নং ওয়ার্ড বিএনপির কর্মী সমাবেশ

বিএনপি কেন্দ্র ঘোষিত প্রতিক্রিয়া দলের পূর্ণগঠন জাতীয় স্থায়ীয় পর্যায়ের সকল চ্যালেঞ্জ মোকাবেলায় সক্ষমতা অর্জনের মেহেরপুর পৌরসভা ২ নং ওয়ার্ড বিএনপির কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (১০ ফেব্রুয়ারি) রাত ৭ টার দিকে মেহেরপুর পৌরসভা ২ নং ওয়ার্ড পৌর বিএনপির উদ্যোগে আয়োজনে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ইলিয়াস হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান, যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম ও ফয়েজ মোহাম্মদ।

জেলা বিএনপি’র সাবেক সহ সংগঠনিক সম্পাদক কাজী মিজান মেননের সঞ্চালনায় এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক কমিটি সদস্য আনছারুল হক,আলমগীর খান ছাতু,মোছাঃ রোমানা আহম্মদ জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল হক লাবলু, জেলা যুবদলের কাওছার আলী, সাবেক কাউন্সিলর আব্দুর রহিম, বিএনপির নেতা আব্দুল লতিফ নাহিদ আহমেদ, ইমন বিশ্বাস সহ পৌর বিএনপি নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরের আমদাহে জেলা বিএনপি’র কর্মী সমাবেশ

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র কেন্দ্রীয় ঘোষিত প্রক্রিয়ায় দলের পুনর্গঠন, জাতীয় ও স্থানীয় পর্যায়ে সকল চ্যালেঞ্জ মোকাবেলায় দলকে সক্ষমতা অর্জনের প্রত্যয়ে জেলা বিএনপির কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (১০ ফেব্রুয়ারি) বিকেল ৪ টার দিকে আমদহ ইউনিয়ন বিএনপির উদ্যোগে এ কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপি’র সদস্য এম এ কে খায়রুল বাসারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান, যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম ও ফয়েজ মোহাম্মদ।

সদর উপজেলা বিএনপি’র সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম রিপনের সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সদস্য ইলিয়াস

হোসেন, আলমগীর খান সাতু, হাফিজুর রহমান হাফি, ওমর ফারুক লিটন, মোছাঃ রোমানা আহম্মদ প্রমুখ।

এছাড়াও এসময় জেলা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক কাওছার আলী, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, সাবেক কাউন্সিলর আব্দুর রহিম, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপ্নন, সদর উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব ইলিয়াস হোসেন, মোশিউল আলম দিপু, নাহিদ আহমেদসহ আমদহ ইউনিয়ন বিএনপি’র নেতাকর্মী উপস্থিত ছিলেন।